

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

নবীগঞ্জ শাখা, ডাকঘর ও থানা-নবীগঞ্জ, জেলা-হবিগঞ্জ।

## অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স ইইচ.ডি ফ্যাশন, স্বত্ত্বাধিকারী-জনাব হিমান্তি চন্দ্র দেব, পিতা: হিমাংশু রঞ্জন দে, মাতা: খেলা রানী, বর্তমান ও ব্যবসায়িক ঠিকানা: মধ্যবাজার, নবীগঞ্জ, ডাকঘর ও থানা-নবীগঞ্জ, জেলা-হবিগঞ্জ, স্থায়ী ঠিকানা: গ্রাম-আদিত্যপুর, ডাকঘর ও থানা-নবীগঞ্জ, জেলা-হবিগঞ্জ কর্তৃক ইউসিবি, নবীগঞ্জ শাখা, হবিগঞ্জ হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রীকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধকী রাখা আছে এবং রেজিস্ট্রীকৃত আম-মোতাবেক দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংকে প্রদান করা আছে। খণ্ডগাহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ২৪/০৯/২০১৮ইং তারিখ পর্যন্ত খণ্ড হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ২১,৪৩,৭১৯/- (একুশ লক্ষ তেতাল্লিশ হাজার সাতশত উনিশ) টাকা সহ অন্যান্য আনুসারিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১। জেলা-হবিগঞ্জ, উপজেলা ও সাব-রেজিস্ট্রী অফিস-নবীগঞ্জ, মৌজা-তিমিরপুর, জে.এল. নং-১৬২-১৬৫, খতিয়ান নং-এস.এ.-৩১০, আর.এস. (তসদিককৃত) ও ডি.পি. খতিয়ান নং-১৮৩০ (তসদিককৃত) ও ৮৮৯ (ডি.পি), এস.এ. নামজারী খতিয়ান নং-৩১০/১, এস.এ. দাগ নম্বর-৩০১৬, ৩০১৭, আর.এস. দাগ নম্বর-৪১৯৮, ৪১৯৭, মোট জমির পরিমাণ-৬ শতক ভূমি।

২। জেলা-হবিগঞ্জ, উপজেলা ও সাব-রেজিস্ট্রী অফিস-নবীগঞ্জ, মৌজা-তিমিরপুর, জে.এল. নং-৮৫ এখন ৮৮, খতিয়ান নং-এস.এ.৬২৯, আর.এস. (তসদিককৃত) ও ডি.পি. খতিয়ান নং-৭৯১ (তসদিককৃত) ও ৫৫৯ (ডি.পি), এস.এ. নামজারী খতিয়ান নং-৬২৯/২ ও ৬২৯/৩, এস.এ. দাগ নম্বর-১২৩৬, আর.এস. দাগ নম্বর-১৩৮৬, মোট জমির পরিমাণ-১০.৬৬ শতক ভূমি।

### নিলামের শর্তাবলী :-

১। আগামী ১৫/১১/২০১৮ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নবীগঞ্জ শাখায় রাঙ্কিত বাবে সরাসরি অথবা রেজিস্ট্রীকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এই দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রাতাকে উদ্ভৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ভৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফ্ট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নবীগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবাঁই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়ান্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাতার জামানত বাজেয়ান্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আঁশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেন।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউসিবি, নবীগঞ্জ শাখা, হিবিগঞ্জ।**